দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746
PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]
HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 20 SEPTEMBER 2025 ,SATURDAY | ২০ সেপ্টেম্বর ২০২৫ ,শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-399

## চাকরিহারা গ্রুপ সি ও ডি কর্মীরা পাবেন না ভাতা ,নির্দেশ হাইকোর্টের



এই যুগ, কলকাতা, ১৯ সেপ্টেম্বর : ২০১৬ এসএসসি র চাকরিহারা গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীদের রাজ্য সরকারের ভাতা দেওয়া নিয়ে রাজ্য সরকারের সিদ্ধান্তের উপরে আগেই অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। এ বার সেই স্থগিতাদেশের মেয়াদ আরও বাড়াল কলকাতা হাইকোর্ট । এবার কলকাতা হাইকোর্টের নির্দেশ, আগামী বছর ৩০ জানুয়ারি পর্যন্ত দেওয়া যাবে না কোন ভাতা। শুক্রবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার আদালতে এই মামলাটি ওঠে। বিচারপতি এদিন এই নির্দেশ দেন ।চাকরিহারা গ্রুপ সি কর্মীদের মাসে ২৫ হাজার টাকা এবং গ্রুপ ডি কর্মীদের মাসে ২০ হাজার টাকা করে ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল রাজ্য সরকার। এই ভাতা দেওয়ার সিদ্ধান্তের বিরোধিতা করে হাইকোর্টে একটি মামলা দায়ের হয়। মামলাকারীদের আইনজীবীর দাবি ছিল, চাকরিহারা গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীদের ভাতা দেওয়ার সিদ্ধান্ত দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের রায়ের পরিপন্থী। অতীতে সেই আবেদনের প্রেক্ষিতেই আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত ভাতা দেওয়ার উপরে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। এ বার স্থগিতাদেশের সময়সীমা আরও বাড়ানো হলো।উল্লেখ্য , নিয়োগ দুর্নীতি ও অস্বচ্ছতার অভিযোগে ২০১৬ সালে এসএসসি-র গোটা নিয়োগ প্যানেলই বাতিল করে দেয় দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্ট। রাতারাতি চাকরি হারা হন প্রায় ২৬ হাজার শিক্ষক এবং শিক্ষাকর্মী। যদিও ইতিমধ্যেই নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে শীর্ষ আদালতের নির্দেশে।

## পুজো প্যান্ডেল পরিদর্শন করলেন জেলা পুলিশ সুপার সহ অন্যান্য আধিকারিকগন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৯ সেপ্টেম্বর : পুজোর বাকী মাত্র হাতে গোনা কয়েকদিন। জলপাইগুড়ি শহরের পুজো উদ্যোক্তাদের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। পুজো প্যান্ডেলগুলির নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে শুক্রবার পুজো প্যান্ডেলগুলি পরিদর্শন করেন জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত, অতিরিক্ত পুলিশ সুপার শৌভনিক মুখোপাধ্যায়, ডি এস পি সদর পার্থ কুমার সিংহ, ডি এস পি ট্রাফিক অরিন্দম পাল চৌধুরী, আই সি কোতোয়ালি থানা, আই সি সদর ট্রাফিক গার্ড সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। তারা পুজো উদ্যোক্তাদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন। জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত জানান এদিন প্যান্ডেলের অগ্নি নির্বাপন ব্যবস্থা, বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা, জন সমাগম নিয়ন্ত্রন, জরুরি পরিস্থিতির জন্য কি ধরনের প্রস্তুতি প্যান্ডেলগুলিতে রাখা হয়েছে সেসব বিষয় খতিয়ে দেখা হয়েছে ও উদ্যোক্তাদের এই বিষয় গুলিতে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়েছে।

## জোড়াপানি নদীর উপর নব নির্মিত বক্স ব্রিজের উদ্বোধন করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৯ সেপ্টেম্বর : শিলিগুড়ি পৌর নিগমের চৌত্রিশ নম্বর ওয়ার্ডের মোড় বাজার এলাকায় জোড়াপানি নদীর উপর নব নির্মিত বক্স ব্রিজের উদ্বোধন করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। শুক্রবার এই বক্স ব্রিজের উদ্বোধন করে মন্ত্রী উদয়ন গুহ জানান ব্রিজটি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আর্থিক আনুকুল্যে নির্মিত হয়েছে। ব্রিজটি নির্মানে ব্যয় হয়েছে দু কোটি একচল্লিশ লক্ষ বিরান্নব্বই হাজার একশ চুরাশি টাকা। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পৌর নিগম এর মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন।

## টোটোর উপর নিয়ন্ত্রন আনছে রাজ্য সরকার, জানালেন পরিবহন মন্ত্রী




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৯ সেপ্টেম্বর : রাজ্যের সর্বত্র প্রায় কয়েক লক্ষ টোটো চলাচল করে। এই টোটোগুলির উপর নিয়ন্ত্রন আনতে চলেছে রাজ্য সরকার। আগামী দুমাসের মধ্যে টোটো গুলিকে দেওয়া হবে রেজিস্ট্রেশন, শুক্রবার শিলিগুড়ির মাটীগাড়ায় সাতাশ নম্বর জাতীয় সড়কের উপর বালাসন নদীর সেতুর পাশে নতুন পালপাড়ায় পরিবহন দপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে একথা জানান রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী। জানা গেছে এদিন পরিবহন দপ্তর পথ দুর্ঘটনা কমানোর লক্ষ্যে আয়োজন করে ট্রাফিক এওয়ারনেস এন্ড হেলমেট বিতরন অনুষ্ঠান। এই অনুষ্ঠানের শিরোনাম ছিলো হেলমেট ফার্স্ট দ্যান স্টার্ট। এই অনুষ্ঠানে যোগ দিয়ে পরিবহন মন্ত্রী জানান আমাদের পাড়া আমাদের সমাধান শিবির পরিদর্শনে তিনি শিলিগুড়ি এসে এই অনুষ্ঠানে উপস্থিত হয়েছেন। পথ দূর্ঘটনা কমানোর লক্ষ্যে এদিন আড়াইশো উউন্নতমানের হেলমেট বিতরন করা হয়েছে। পাশাপাশি তিনি আরও জানান রাজ্যে চলাচলকারী টোটোগুলিকে নিয়ন্ত্রনের জন্য আগামী নভেম্বর মাসের মধ্যে টোটোগুলিকে কিউ আর কোড যুক্ত স্টিকার দেওয়া হবে। টোটো চালকদের অন লাইন অথবা অফ লাইনে এজন্য আবেদন করতে হবে এবং সামান্য অর্থের বিনিময়ে এই স্টিকার সংগ্রহ করতে হবে। পরিবহন দপ্তরের আধিকারিকগন স্থানীয় প্রশাসনের আধিকারিকদের সাথে আলোচনা করে টোটো চলাচলের গাইড লাইন স্থির করবেন বলেওতিনি জানান।

# একাদশ শ্রেণির ছাত্রীকে ধর্ষণ, গ্রেপ্তার যুবক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : একাদশ শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার করা হয়েছে এক যুবককে। শুক্রবার ওই যুবককে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলার পর বিচারক তাকে ১৪ দিবেন জেল হেফাজতের নির্দেশ দেন। পুলিশ সূত্রে জানা গেছে একাদশ শ্রেণীর ছাত্রীর বাড়ি শামুকতলা থানা এলাকায়। গত বৃহস্পতিবার তাকে ফুসলিয়ে ধর্ষণ করেছে ভাটিবাড়ি কুমারীজান এলাকার এক যুবক। বৃহস্পতিবার রাতেই অভিযোগ দায়ের হয়েছে পুলিশের কাছে। অভিযোগ দায়ের হওয়ার পরেই পুলিশ তদন্তে নেমে তাকে গ্রেফতার করেছে। শুক্রবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠালে বিচারক থেকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। তার বিরুদ্ধে পক্স ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

# ট্রেন চালকের তৎপরতায় বাঁচলো হাতি



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর: ট্রেন চালকের তৎপরতায় দুর্ঘটনা থেকে রক্ষা পেল বুনো হাতি ও হস্তিশাবক। আলিপুরদুয়ার ডি আর এম পক্ষ থেকে জানানো হয়েছে এদিন চালসা ও নাগরকাটা মাঝে রেললাইনে হাতি ও হস্তিশাবক দেখে শিলিগুড়ি ডেমু ট্রেনের লোকো পাইলট ভি প্রসাদ ও সহ লোকো পাইলট টি কে বর্মণ তারা তৎক্ষণাৎ ট্রেনকে কোন্টোল করে এতে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পায় হাতি ও হস্তিশাবক।

# আলিপুরদুয়ারে বেআইনি অস্ত্রসহ গ্রেপ্তার একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : দুর্গাপূজার প্রাক্কালে উদ্ধার বেআইনি অস্ত্র আলিপুরদুয়ার জেলা শহরের জংশন এলাকায়। বেআইনি আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার হয়েছেন একজন আলিপুরদুয়ার জংশনে এমনটাই জানা গেছে শুক্রবার রাত সাড়ে সাতটা নাগাদ। আলিপুরদুয়ার জংশন রেল ষ্টেশনের ১ নম্বর প্ল্যাটফর্মে করন লোহার নামে এক ব্যক্তি ঘোরাঘুরি করছিল। ষ্টেশনে থাকা জিআরপি সন্দেহ হলে ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে। তার বাড়ি ঝাড়খন্ডের গুলমার্গ জেলায় বাড়ি। ব্যক্তিকে তল্লাশি করলে তার কাছে একটি দেশী বেআইনি আগ্নেয়াস্ত্র ও ১০০ গ্রামের মত ব্রাউনসুগার পাওয়া যায়। ধৃত ব্যক্তি জানিয়েছে হাসিমারার কুমার লামা নামে এক ব্যক্তির কাছ থেকে সে এগুলো নিয়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# সিপিআইএমের ডেপুটেশন কে ঘিরে চরম উত্তেজনা যশোডাঙ্গায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : ১৭ দফার দাবির ভিত্তিতে যশোডাঙ্গা ব্লক অফিসে সিপিআইএমের ডেপুটেশন কে কেন্দ্র করে চরম উত্তেজনা তৈরি হয়েছে ব্লক ক্যাম্পাসে। শুক্রবার বিকেল চারটে নাগাদ ঘটনাটি ঘটেছে যশোডাঙ্গা ব্লক অফিস ক্যাম্পাসে। উত্তেজনা থামাতে শামুকতলা থানার ওসি সহ বিশাল পুলিশ বাহিনী ব্লক অফিস প্রাঙ্গণে এসে পৌঁছায়। পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী সিপিআইএমের ১৭ দফা দাবি নিয়ে ব্লক প্রশাসনের কাছে ডেপুটেশন দেওয়ার কথা শুক্রবার বিকেল তিনটা নাগাদ। যশোডাঙ্গা বাস স্ট্যান্ড থেকে মিছিল করে ৩ শতাধিক সমর্থক ব্লক অফিস প্রাঙ্গনে পৌঁছানোর পর সমষ্টি উন্নয়ন আধিকারিক প্রতিনিধি মূলক দু'জনকে ডেপুটেশন কপি নিয়ে যাওয়ার বলার পরেই চরম উত্তেজনা ছড়ায় ব্লক ক্যাম্পাসে। সেই মুহূর্তে যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক সিপিআইএম নেতাদের সামনে আসার পরেই রীতিমতো পারদ চরে গেছে নেতাদের। এরই মধ্যে শামুকতলা থেকে বিশাল পুলিশ বাহিনী এসে পৌঁছায় ব্লক ক্যাম্পাসে। পুলিশ পৌঁছানোর পরেই সমষ্টি উন্নয়ন আধিকারিক তনুজ পাঠক আইএএস তার কক্ষ থেকে নেমে এসে কর্মী সমর্থকদের সঙ্গে কথা বলা শুরু করেন। মুহূর্তের মধ্যেই রণক্ষেত্র মাটিতে মিশে যায়। সমষ্টি উন্নয়ন আধিকারিক তাদের সমস্ত দাবি শুনে দাবি মেটানোর কথা আশ্বাস দেন। সিপিআইএম নেতা বলাই সরকার গৌতম রায় অসীম সরকার বিভিন্ন দাবিদার মধ্যে যশোডাঙ্গা ব্লক অফিস থেকে সরকারি গাছ কাটা হয়েছে কেন তার জবাব চান সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে। এছাড়াও যশোডাঙ্গা বাস স্ট্যান্ড থেকে ব্লক অফিস পর্যন্ত বেহাল রাস্তা সহ ব্লকের বিভিন্ন রাস্তা সংস্কার পানীয় জলের সুব্যবস্থা সহ বিভিন্ন দাবি-দাবা তুলে ধরেন সমষ্টি উন্নয়ন আধিকারিক তনুজ পাঠক আইএএস এর কাছে। তনুজ পাঠক আই এ এস জানিয়েছেন খুব শীঘ্রই তাদের সমস্যাগুলি সমাধানের চেষ্টা করা হবে।

# ছাত্রীদের যৌন হেনস্থা ,প্রধান শিক্ষকের জেল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর :আবার কলুষিত হলো শিক্ষাঙ্গন। গ্রেপ্তার হয়েছে স্কুলের প্রধান শিক্ষক ছাত্রীর অভিযোগের পরিপ্রেক্ষিতেই। আলিপুরদুয়ার জেলার একটি সরকারি আবাসিক বিদ্যালয়ের একাধিক নাবালিকা ছাত্রী যৌন হেনস্থার শিকার হয়েছে বলে অভিযোগ উঠেছে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। এক ভুক্তভোগী ছাত্রীর বাবার লিখিত অভিযোগের ভিত্তিতে এই চাঞ্চল্যকর ঘটনা প্রকাশ্যে আসে। অভিযোগ পাওয়ার পরই পুলিশ দ্রুত পদক্ষেপ নিয়ে অভিযুক্তকে গ্রেফতার করে এবং শিশুদের যৌন অপরাধ থেকে সুরক্ষা আইন অনুযায়ী আদালতে পেশ করে।অভিযোগে বলা হয়েছে, ঘটনাটি ঘটেছে ১৬ সেপ্টেম্বর, স্কুলের টিফিন বিরতির সময়। প্রধান শিক্ষক চারজন ক্লাস মনিটরকে তার ঘরে ডাকেন। গুটখা এবং অন্যান্য নেশাজাতীয় দ্রব্য থেকে ছাত্রছাত্রীদের দূরে রাখার পরামর্শ দেওয়ার সময় তিনি নাকি তাদের সঙ্গে অশালীন আচরণ করেন। অভিযোগে আরও বলা হয়েছে, সেই সময় প্রধান শিক্ষক মদ্যপ অবস্থায় ছিলেন।ঘটনাটি প্রকাশ্যে আসতেই অভিভাবক মহল ও শিক্ষক সমাজে ব্যাপক ক্ষোভের সঞ্চার হয়। এক অভিভাবকের সরাসরি অভিযোগের ভিত্তিতে পুলিশ মামলা রুজু করে এবং জেলা উচ্চশিক্ষা দপ্তরকে জানানো হয়। জেলা পুলিশ সুপার ওয়াই. রঘুবংশী-র নির্দেশে অভিযুক্তকে হেফাজতে নেওয়া হয়।পুলিশ জানিয়েছে, ভুক্তভোগী ছাত্রছাত্রীদের গোপন জবানবন্দি রেকর্ড করা হবে। পাশাপাশি মামলা সংক্রান্ত সমস্ত তথ্য জেলা শিশু কল্যাণ সমিতি –এর কাছে পাঠানো হয়েছে। প্রয়োজনে সমিতি ছাত্রছাত্রীদের কাউন্সেলিংয়ের সুপারিশ করতে পারে।জেলা পুলিশ সুপার রঘুবংশী জানান, "অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গেই আমরা প্রধান শিক্ষককে গ্রেফতার করে আদালতে পেশ করেছি। কয়েক দিনের মধ্যেই গোটা বিষয়টি স্পষ্ট হয়ে যাবে।"শুক্রবার অভিযুক্তকে আলিপুরদুয়ারের বিশেষ POCSO আদালতে তোলা হয়। সরকারি কৌঁসুলি সঞ্চয়ন ঘোষ জানান, "মদ্যপ অবস্থায় আবাসিক ছাত্রছাত্রীদের যৌন হেনস্থার অভিযোগে অভিযুক্তের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে। আদালত তাকে ১৪ দিনের আদালত হেফাজতে পাঠিয়েছে। ভুক্তভোগী ছাত্রছাত্রীদের গোপন জবানবন্দি রেকর্ড করা হবে।"

# এশিয়ান হাইওয়ে ৪৮-এ যান চলাচল ব্যাহত



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : প্রবল বর্ষণের জেরে রাস্তার একাংশ ভেঙ্গে পড়ে গেছে। যান চলাচল ব্যাহত হল এলাকায়। আলিপুরদুয়ারের বীরপাড়া সংলগ্ন গ্যারগান্ডা নদীর সেতুর পশ্চিম দিকের অ্যাপ্রোচ রোড বৃহস্পতিবার গভীর রাতে ভূমিধসে ক্ষতিগ্রস্ত হয়। এর জেরে এশিয়ান হাইওয়ে ৪৮-এর যান চলাচল কয়েক ঘণ্টা ধরে সম্পূর্ণ ব্যাহত হয়।গত ৩১ মে আকস্মিক বন্যায় সেতুটি বসে যাওয়ার পর এশিয়ান হাইওয়ে কর্তৃপক্ষ নতুন করে ওই রাস্তার অংশটি নির্মাণ করেছিল। মাত্র দুই সপ্তাহের মধ্যে অ্যাপ্রোচ রোড পুনর্নির্মাণ করা হয় এবং সেতু মেরামতির কাজও শুরু হয়।কিন্তু বৃহস্পতিবার রাতের টানা প্রবল বর্ষণে গ্যারগান্ডা নদীর জলস্তর বেড়ে যায়। তাতে নবনির্মিত অ্যাপ্রোচ রোড আবার ভেসে যায়। শ্রমিকদের জন্য বসানো একটি তাঁবুও ভেঙে যায়, যদিও ভেতরে কেউ না থাকায় বড়সড় দুর্ঘটনা এড়ানো গেছে।ঘটনার খবর পেয়ে প্রশাসনের ঊর্ধ্বতন কর্তারা তৎক্ষণাৎ ঘটনাস্থলে পৌঁছে যান। আপাতত সেতুর মেরামতির কাজ বন্ধ রাখা হয়েছে। বীরপাড়া থানার পুলিশ দুই দিকেই যান চলাচল নিয়ন্ত্রণ করছে। ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখে পরবর্তী পুনর্নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

# পথ দুর্ঘটনায় হাসিমারায় মৃত এক




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : হাসিমারা এলাকায় পথ দুর্ঘটনায় মৃত এক। এদিন সকালে আলিপুরদুয়ার জেলার হাসিমারা তেরো নম্বর এলাকায় এক অজ্ঞাত গাড়ির ধাক্কায় গুরুতর আহত হয়। হজরত আলি নামক এক ব্যাক্তি পুলিশ উদ্ধার করে তাকে লতাবাড়ি হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করে। কালচিনি পুলিশ মৃতদেহ উদ্ধার করেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে আসা হয়েছে শুক্রবার বেলা দুটা নাগাদ। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে।

# দোকানের বেড়া কেটে চুরির চেষ্টা শামুকতলা রোডে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : দোকান ঘরে টিনের বেড়া কেটেও কোন কিছু নিতে পারল না চোর এমনটাই জানা গেছে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ শামুকতলা রোড এলাকায় গিয়ে। এলাকার ব্যবসায়ী সুনীল দাস যথারীতি বৃহস্পতিবার রাতে দোকান বন্ধ করে বাড়ি যান। শুক্রবার সকালে দোকানে এসে দেখেন তার দোকানের টিনের বেড়া কেটে দুষ্কৃতীরা ঘরে ঢুকে ছিল। কিন্তু দোকান থেকে কোন কিছু নিতে পারেননি। একটি সাউন্ড সিস্টেম নেওয়ার জন্য চেষ্টা করেছিল চোরেরা কিন্তু সেটিকে বার করতে পারিনি দোকান থেকে। শামুকতলা রোড পুলিশ ফাড়ির ২০০ মিটারের মধ্যেই এমন ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন ব্যবসায়ীরা পূজোর প্রাক্কালে। ব্যবসায়ী সুনীল দাস জানিয়েছেন এমন ঘটনা ঘটবে তিনি ভাবতে পারেননি। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# শূন্য পদে শিক্ষক নিয়োগ নিয়ে ডেপুটেশন ডিপিএসসিতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চাশ হাজার শূন্য পদে দ্রুত নিয়োগের দাবিতে ও দ্রুত নোটিফিকেশন দাবিতে শুক্রবার ডিপিএসসি চেয়ারম্যান এর কাছে ডেপুটেশন প্রদান করল ২০২২ প্রাথমিক টেট পাস ডি এল এড ঐক্য মঞ্চ । এদিন আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্ত থেকে সংগঠনের সদস্যরা আলিপুরদুয়ারে জমায়েত হয়ে ডিপিএসসি চেয়ারম্যান কাছে ডেপুটেশন প্রদান করে। শীঘ্রই নিয়োগ না হলে বৃহত্তর আন্দোলনে তারা যাবেন এমনটাও হুশিয়ারি দিলেন এদিন।

# পশ্চিম চেপানী এলাকায় চুরির ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : পশ্চিম চেপানী এলাকায় চুরির ঘটনা নিয়ে শামুকতলা থানায় অভিযোগ দায়ের করল অটোচালক শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ। পশ্চিম চেপানী এলাকার বাসিন্দা কাজল পন্ডিত ওরফে মুন্না তার বাড়ির উঠানেই অটো গাড়ি রাখেন প্রতিদিন। এই অটো চালিয়েই তার সংসার চলে এমনটাই জানা গেছে তার কাছ থেকে। শুক্রবার গভীর রাতে তার গাড়ির ব্যাটারি চুরি হয়ে যায় তার বাড়ির উঠান থেকেই। শামুকতলা থানা এলাকায় চুরির ঘটনা ঘটছে বেশ কিছুদিন যাবৎ। টোটো অটো সহ বিভিন্ন গাড়ির ব্যাটারি চুরি হচ্ছে প্রচুর পরিমাণে। পূজোর প্রাক্কালে ব্যাটারি চুরির ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন অন্যান্য অটোচালকরা। দিনভর বিভিন্ন জায়গায় খোঁজখবর নিয়ে বিকেলে তিনি পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন।

## NAME CHANGE

I BIVA BASAK, RESIDING OF AT BAKSARA, SANTRAGACHI, HOWRAH – 711110, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS BIBHA BASAK AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC / FIRST CLASS JUDICIAL MAGISTRATE HOWRAH COURT, VIDE AFFIDAVIT NO. 06AC351290 DATED 15-JULY-2025 BIVA BASAK AND BIBHA BASAK BOTH ARE SAME IDENTICAL PERSON.

## জমি / বাড়ি / ফ্ল্যাট

জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - কিনতে অথবা বিক্রি অথবা ভাড়া নিতে চাইলে যোগাযোগ করুন - 9836753622 ( PH/WHATSAPP)

( রেজিস্ট্রি সহ সমস্ত কাজ করে দেওয়ার ব্যবস্থা রয়েছে )

সঠিক দামে নিজের স্বপ্ন পূরণ করুন

***************


# মহকুমা পুলিশ আধিকারিক এর নতুন কার্যালয় উদ্বোধন করলেন উত্তরবঙ্গ জোন এর আইজি



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,১৯ সেপ্টেম্বর : কোচবিহার জেলার মেখলিগঞ্জে মহকুমা পুলিশ আধিকারিকের নব নির্মিত কার্যালয়ের উদ্বোধন করলেন উত্তরবঙ্গ জোন এর আই জি রাজেশ কুমার যাদব। শুক্রবার এই কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জলপাইগুড়ি রেঞ্জের ডি আই জি সন্তোষ নিম্বালকর, কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। এই অনুষ্ঠানে ছাত্রদের বই বিতরন,উদ্ধার করা বিয়াল্লিশটি হারানো মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া, ট্রাফিক সচেতনতার উদ্দ্যেশ্যে হেলমেট বিহীন বাইক আরোহীদের হেলমেট বিতরন, দুর্গা পুজার উদ্যোক্তাদের চেক বিতরন ও তিস্তা নদীতে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করতে যাওয়া এক যুবতীকে উদ্ধারকারী দুই যুবককে সাহসিকতার জন্য সম্মাননা জ্ঞাপন করা হয়। এই অনুষ্ঠান মঞ্চ থেকে আই জি কোচবিহার সদরে সাইবার ক্রাইম থানান নতুন ভবন ও সদর ট্রাফিক গার্ডের কার্যালয়ের ও উদ্বোধন করেন। নতুন সাইবার ক্রাইম থানা থেকে এদিন সাইবার প্রতারনার তিন লক্ষ সাতচল্লিশ হাজার টাকার চেক তিন জন প্রতারিতের হাতে ফেরত দেওয়া হয়।

# কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে লাগাতার বিক্ষোভ শ্রমিকদের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৯ সেপ্টেম্বর : রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বেশ কিছুদিন আগেই ঘোষনা করেন উত্তরবঙ্গের চা বাগান গুলিতে শ্রমিক কর্মচারীদের কুড়ি পার্সেন্ট হারে পুজো বোনাস দিতে হবে। এই ঘোষনার পর পুজোর মুখে অনেক চা বাগান কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিয়েছে আবার অনেক চা বাগান কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী নয়। যেসব বাগান কর্তৃপক্ষ কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী নয় তাদের মধ্যে অন্যতম আলিপুরদুয়ার জেলার মাদারীহাট ব্লকের হান্টাপাড়া ও তুলসীপাড়া চা বাগান। কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে এই চা বাগান দুটির ফ্যাক্টরি গেটে কয়েকদিন ধরে শ্রমিকেরা লাগাতার বিক্ষোভ প্রদর্শন করে চলেছেন। শ্রমিকেরা জানান বাগান কর্তৃপক্ষ নয় পার্সেন্ট হারে বোনাস দিতে চাইছেন কিন্তু তারা তা নেবেননা। তাদের দাবি কুড়ি পার্সেন্ট হারেই বোনাস দিতে হবে। শ্রমিকেরা বলেন সারা বছর তারা কঠোর পরিশ্রম করে চা পাতা উৎপাদন করে মালিকের লাভের অংশ বৃদ্ধি করেন। কাজেই বোনাস তাদের ন্যায্য পাওনা, মালিক পক্ষ তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করতে চাইছেন তারা তা মেনে নেবেননা।

# বাইকে চেপে পূজা মন্ডপ পরিদর্শন পুলিশ সুপারের



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১৯ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা শহরের পুজো মণ্ডপ গুলি বাইকে চেপে পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী এমনটাই জানা গেছে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ প্রশাসনিক সূত্রে। দুর্গাপূজা আসন্ন এর আগেই পুজো প্যান্ডেল গুলো কি পরিস্থিতি আছে তা খতিয়ে দেখলেন পুলিশ সুপার ওয়াই রঘুবংশী। অনেক পুজো প্যান্ডেলে বড় গাড়ি নিয়ে ঢোকা যাচ্ছে না তাই বাইকে করে তিনি আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন পুজো মণ্ডপ গুলি পরিদর্শন করে পূজো কমিটির কর্মকর্তাদের সঙ্গে কথা বললেন দর্শকদের নিরাপত্তা নিয়ে।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১৯ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের লালগোলা থানার পুলিশ গোপন সুত্রে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে থানা এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও দুই রাউন্ড গুলি। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে ও উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে থানায় নিয়ে আসে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয় ও আদালতে পেশ করা হয়েছে। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতের নাম ঠিকানা গোপন রেখে ঘটনায় জড়িত অন্যান্যদের খোঁজে তল্লাশী শুরু করেছে।

# চল্লিশটি পূজো কমিটিকে চেক দিল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ,আলিপুরদুয়ার,১৯ সেপ্টেম্বর: মুখ্যমন্ত্রীর দেওয়া এক লক্ষ দশ হাজার টাকা চেক চল্লিশটা পুজো কমিটির হাতে তুলে দিলেন শামুকতলা থানার পুলিশ এমনটাই জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে। ওসি সূত্রে জানা গেছে শুক্রবার থেকেই শুরু হয়েছে চেক বন্টন। মোট ৮২ টি চেক রয়েছে শামুকতলা থানার পুলিশের হাতে। শুক্রবার ভাটিবাড়ী শামুকতলা রোড শামুকতলা এলাকার চল্লিশটি পুজো কমিটির হাতে চেক তুলে দেওয়া হয়েছে। তৎসহ পুজো প্যান্ডেলে নিরাপত্তা অটুট রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |